

ব্যারিস্টার রফিক-উল হক এর মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক

ঢাকা, ২৪ অক্টোবরঃ

প্রখ্যাত আইনজীবী এবং সাবেক এ্যাটর্নী জেনারেল ব্যারিস্টার রফিক-উল হক এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান। এক শোকবার্তায় শ্রম প্রতিমন্ত্রী বলেন, প্রবীণ এই আইনজীবীর মৃত্যুতে দেশ একজন গুণীজনকে হারালো। দেশ বরণ্য এই আইনজীবীর মৃত্যুতে আইনপেশার অপূরণীয় ক্ষতি হয়ে গেল। বাংলাদেশের আইন পেশায় তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে। তিনি মরহমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য সম্প্রতি ব্যারিস্টার রফিক-উল হক আজ সকালে রাজধানীর একটি হাসপাতালে চিকিতসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com